



বাংলাদেশে ধূমপানমুক্ত পরিবেশঃ

অধিকাংশ পাবলিক প্লেস ও পাবলিক পরিবহন

১০০% ধূমপানমুক্ত

পাবলিক প্লেসে ধূমপান শাস্তিযোগ্য অপরাধ

চতুর্দিকে দেয়াল দ্বারা আবদ্ধ রেস্টুরেন্টসহ অধিকাংশ আচ্ছাদিত পাবলিক প্লেস এবং কর্মক্ষেত্রে ধূমপান নিষিদ্ধ। কিছু কিছু পাবলিক প্লেসে ধূমপানের জন্য নির্ধারিত স্থান রাখার সুযোগ থাকলেও নিম্নোক্ত দশ ধরনের পাবলিক প্লেস ও পরিবহন সম্পূর্ণরূপে ধূমপানমুক্ত এবং এসকল ক্ষেত্রে ধূমপানের জন্য কোন নির্ধারিত স্থান রাখা যাবে না।

- শিক্ষা প্রতিষ্ঠান • গ্রন্থাগারের অভ্যন্তরে • হাসপাতাল ও ক্লিনিক ভবন • প্রেক্ষাগৃহের অভ্যন্তরে • প্রদর্শনী কেন্দ্রের অভ্যন্তরে
- থিয়েটার হলের অভ্যন্তরে • চতুর্দিকে দেয়াল দ্বারা আবদ্ধ এক কক্ষবিশিষ্ট রেস্টুরেন্ট • শিশু পার্ক • খেলাধুলা ও অনুশীলনের জন্য নির্ধারিত আচ্ছাদিত স্থান • এক কামরাবিশিষ্ট পাবলিক পরিবহন

সকল পাবলিক ভবন, বিশেষ করে আচ্ছাদিত পাবলিক প্লেস, এমনকি শতভাগ ধূমপানমুক্ত হিসেবে তালিকাভুক্ত নয় এমন ভবনের আচ্ছাদিত এলাকাও প্রকৃত প্রস্তাবে শতভাগ ধূমপানমুক্ত এলাকা হিসেবে গণ্য হবে। ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইনের ৭ ধারায় নির্ধারিত ধূমপান এলাকা স্থাপনের সুযোগ থাকলেও (যা কর্তৃপক্ষের স্বেচ্ছাধীন, বাধ্যতামূলক নয়) তা বিধিমালা ২০১৫ দ্বারা শর্তারোপের মাধ্যমে ব্যাপকভাবে নিয়ন্ত্রণ করা হয়েছে। যেমনঃ

- বিধিমালার ৪(২) বিধিতে বলা হয়েছে, ধূমপানের জন্য নির্ধারিত স্থান রাখা যাবেনা এমন দশ ধরনের পাবলিক প্লেস ও পরিবহন ব্যতীত অন্যান্য পাবলিক প্লেসের “যথাসম্ভব উন্মুক্ত স্থানে ধূমপানের এলাকা নির্ধারণ করতে হবে।”
- বিধিমালার ৪(৩) বিধিতে একাধিক কামরাবিশিষ্ট পাবলিক পরিবহনে ধূমপানের জন্য এলাকা নির্ধারণের ক্ষেত্রে শর্তারোপ

করা হয়েছে যে, “(ক) উক্ত স্থানটি সংশ্লিষ্ট পাবলিক পরিবহনের সর্বশেষ অংশে বা পিছনে বা উন্মুক্ত স্থানে হইতে হইবে; (খ) উক্ত স্থানটি যাত্রী ধারণের প্রধান কক্ষে নির্দিষ্ট করা যাইবে না।”

- বিধিমালা ২০১৫ এর বিধি ৬ এ আরো নির্দেশনা রয়েছে যে, (ক) “ধূমপানমুক্ত এলাকাকে ধূমপান এলাকা হইতে পৃথক রাখিতে হইবে; (খ) ধূমপানমুক্ত এলাকায় যাহাতে ধূমপানের স্থানের ধোঁয়া প্রবেশ করিতে না পারে উহা নিশ্চিত করা; (গ) ধূমপানের স্থানে অগ্নিনির্বাপক যন্ত্রের ব্যবস্থাসহ বিড়ি বা সিগারেটের উচ্ছিষ্ট অংশ নিক্ষেপ বা ফেলার জন্য বালি ও পানিসহ যথাযথ পাত্রের ব্যবস্থা করা; (ঘ) কোন পাবলিক প্লেস বা পাবলিক পরিবহনে ধূমপানের জন্য কোন স্থান চিহ্নিত বা নির্দিষ্ট করা হইলে উক্ত চিহ্নিত বা নির্দিষ্ট স্থানের মধ্য দিয়া যাহাতে কোন অধূমপায়ীকে যাতায়াত করিতে না হয় উহা নিশ্চিত করা।”

বর্ণিত সংজ্ঞার পরিপ্রেক্ষিতে প্রতীয়মান হয় যে, আচ্ছাদিত সকল পাবলিক প্লেসের অভ্যন্তরে ধূমপানের জন্য নির্ধারিত এলাকা প্রায় অসম্ভব। কারণ বিধিমালা ২০১৫ এর বিধি ৬ (খ) এ বলা হয়েছে যে, ধূমপানমুক্ত এলাকায় যাতে ধূমপানের স্থানের ধোঁয়া প্রবেশ করিতে না পারে তা নিশ্চিত করতে হবে। এফসিটিসি আর্টিক্যাল ৮ এর গাইডলাইন এবং অসংখ্য গবেষণা দ্বারাও এটা স্বীকৃত যে, আচ্ছাদিত ধূমপান এলাকার আশেপাশের স্থানসমূহ কখনই ধোঁয়ামুক্ত হয়না। ১-৬ সুতরাং সকল পাবলিক ভবন, বিশেষ করে আচ্ছাদিত পাবলিক প্লেস, এমনকি শতভাগ ধূমপানমুক্ত হিসেবে তালিকাভুক্ত নয় এমন ভবনের আচ্ছাদিত এলাকাও শতভাগ ধূমপানমুক্ত থাকতে হবে, যা আইনানুযায়ী বলবৎযোগ্য।

Reference

- 1 “Approaches other than 100% smoke free environments, including ventilation, air filtration and the use of designated smoking areas (whether with separate ventilation systems or not), have repeatedly been shown to be ineffective and there is conclusive evidence, scientific and otherwise, that engineering approaches do not protect against exposure to tobacco smoke.” FCTC Art.8 GL, para 6.
- 2 World Health Organization. WHO Report on the Global Tobacco Epidemic: Implementing smoke-free environments. Geneva: World Health Organization, 2009
- 3 Huss A, Kooijman C, Breuer M, Bohler P, Zund T, Wenk S, et al. Fine particulate matter measurements in Swiss restaurants, cafes and bars: what is the effect of spatial separation between smoking and non-smoking areas? Indoor Air 2010;20(1):52-60.
- 4 Capital Medical University. Fine Particles Density Monitoring Research on the Air in Six Types of Places in Beijing. Beijing: Capital Medical University, 2008.
- 5 Wan M-P, Wu C-L, Chan T-T, Chao CY, Yeung L-L. Removal and Leakage of Environmental Tobacco Smoke from a Model Smoking Room. Journal of Occupational and Environmental Hygiene 2010;7(10):573-84.
- 6 American Society of Heating Refrigerating and Air Conditioning Engineers (ASHRAE). Environmental tobacco smoke: Position document. Atlanta: ASHRAE, 2005.